

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
ব্লক নং-০৬, কক্ষ নং-২১
শেরেবাংলা নগর, ঢাকা।

স্মারক ২০.০০.০০০০.০২.০৫.৫৫২.২০১৭- ২৫৩৬

তারিখঃ ১৯ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ
০৫ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ

ড. ফাতেমা রেজিনা পারভীন,
অধ্যাপক,
সামাজিকবিজ্ঞান বিভাগ,
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

বিষয়ঃ “বাংলাদেশের স্কুল শিক্ষায় পরিবেশ চেতনা: একটি সামাজিক জরিপ (রাজশাহী জেলার উপর একটি কেস স্টাডি)” -শীর্ষক প্রমোশনাল গবেষণা কর্মের খসড়া প্রতিবেদন মূল্যায়ন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গবেষক “বাংলাদেশের স্কুল শিক্ষায় পরিবেশ চেতনা: একটি সামাজিক জরিপ (রাজশাহী জেলার উপর একটি কেস স্টাডি)” -সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের প্রমোশনাল গবেষণা মঞ্জুরীর আওতায় উপরোক্ত বিষয়ে একটি গবেষণা কর্ম সম্পাদন করে খসড়া প্রতিবেদন জমা দিয়েছেন। সংশ্লিষ্ট ক্ষেত্রে আপনার ব্যক্তিগত প্রজ্ঞা ও দীর্ঘদিনের কর্ম-অভিজ্ঞতার আলোকে এ খসড়া প্রতিবেদনটি মূল্যায়নের জন্য সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের পক্ষ থেকে আপনাকে অনুরোধ জ্ঞাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের পক্ষ থেকে প্রমোশনাল গবেষণা কর্মসূচী পরিচালনার মূল উদ্দেশ্য হলো একদল তরুণ গবেষক সৃষ্টি করা। যারা এ কর্মসূচীর অধীনে তথ্য ও উপাত্ত সংগ্রহের কৌশল থেকে শুরু করে একটি গবেষণা প্রতিবেদন প্রণয়নের কাজ হাতে-কলমে শিখে এবং পরবর্তী পর্যায়ে এমফিল/পিএইচ,ডি গবেষক হিসেবে নিজে গড়ে তুলবে।

আরও উল্লেখ্য যে, প্রতিটি খসড়া গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য মূল্যায়নকারীকে সম্মান প্রদর্শনের নিদর্শন স্বরূপ পরিষদ কর্তৃক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা সম্মানী প্রদান করা হয়ে থাকে। গবেষণাটির উদ্দেশ্য ও লক্ষ্য, প্রকৃতি ও পরিধি এবং গবেষণাটিতে অনুসৃত পদ্ধতি অনুধাবনের প্রয়োজনে এটির মূল প্রস্তাবনা ও বাজেট এতদসঙ্গে সংযুক্ত করছি। একই সঙ্গে মূল্যায়নের সুবিধার্থে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কর্তৃক প্রণীত একটি গাইড লাইনও আপনার সদয় অবলোকনের জন্য প্রেরণ করছি।


এমতাবস্থায়, আগামী ০৪/১২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে গবেষণাটি মূল্যায়ন করে মূল্যায়ন প্রতিবেদনসহ সম্মানী বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ০১ (এক) কপি বিল পরিষদ কার্যালয় বরাবরে প্রেরণের জন্য আপনাকে সবিনয় অনুরোধ জানাচ্ছি।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ
ক্রমিক নং: ৬৭ তারিখ: ২০/১১/১৭ সংযুক্তি: বর্ণনামতে।
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
সিস্টেম এনালিস্ট
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
১।
২।
৩।
৪।
৫।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- অতিরিক্ত সচিব-৩, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- সহকারী পরিচালক(উপসচিব), সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- সংশ্লিষ্ট নথি।

আন্তরিকভাবে আপনার,


(মোঃ সরওয়ার হোসেন)
ডকুমেন্টেশন কর্মকর্তা
ফোন-৯১৮০৮৭৭।